

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩২২

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/৩৫. দুধ

بَابِ اللَّبَن

### আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَيَّاشٍ، حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ - صلى الله عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهُ طَعَامًا فَلْيَقُلِ اللَّهُمَّ بَارِكْ لَنَا فِيهِ وَارْزُقْنَا خَيْرًا مِنْهُ . عليه وسلم - " مَنْ أَطْعَمَهُ اللَّهُ طَعَامًا فَلْيَقُلِ اللَّهُمَّ بَارِكْ لَنَا فِيهِ وَزِدْنَا مِنْهُ فَإِنِّي لاَ أَعْلَمُ مَا يُجْزِئُ مِنَ وَمَنْ سَقَاهُ اللَّهُ لَبَنًا فَلْيَقُلِ اللَّهُمَّ بَارِكْ لَنَا فِيهِ وَزِدْنَا مِنْهُ فَإِنِّي لاَ أَعْلَمُ مَا يُجْزِئُ مِنَ الطَّعَام وَالشَّرَابِ إِلاَّ اللَّبَنُ " .

#### বাংলা

২/৩৩২২। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলা যখন কাউকে আহার করান তখন সে যেন বলেন, ''আল্লাহুম্মা বারিক লানা ফীহি ওয়ারযুকনা খাইরাম মিনহু'' (হে আল্লাহ! আমাদেরকে এই খাদ্যে বরকত দান করুন এবং এর চেয়েও উত্তম রিঘিক দান করুন)। আর আল্লাহ যাকে দুধ পান করান সে যেন বলে, ''আল্লাহুম্মা বারিক লানা ফীহি ওয়া যিদনা মিনহু'' (হে আল্লাহ! এ দুধে আমাদের বরকত দান করুন এবং এর চেয়েও বাড়িয়ে দিন)। কারণ আমি জানি না যে, দুধ ছাড়া এমন কোন জিনিস আছে কিনা যা একই সঙ্গে আহার ও পানীয় উভয়ের জন্য যথেষ্ট হতে পারে।

## **English**

It was narrated from Ibn 'Abbas that the Messenger of Allah (ﷺ) said: "Whoever is given food by Allah, let him say: Allahumma barik lana fihi wa arzuqna khairan minhu (O Allah, bless it for us and provide us with something better than it). And whoever is given milk to drink by Allah, let him say: Allahumma barik lana fihi wa zidna minhu (O Allah, bless it for us and give us more of it). For I do not know of any food or drink that suffices, apart from milk."



### ফুটনোট

তিরমিয়ী ৩৪৫৫, তাখরীজুল মিশকাত ৪২৮৩, সহীহাহ ২৩২০।

তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী ইসমাঈল বিন আয়্যাশ সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, আহলে শাম থেকে হাদিস বর্ণনায় কোন সমস্যা নেই। আলী ইবনুল মাদীনী, ইবনু আবু শায়বাহ, আমর ইবনুল ফাল্লাস ও দুহায়ম বলেন, শাম শহর থেকে হাদিস বর্ণনায় তিনি সিকাহ কিন্তু অন্য শহর থেকে হাদিস বর্ণনায় দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৭২, ৩/১৬৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন